তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৮
NOV. 03 2002

# ঢাবি ক্যাম্পাসে ছাত্রলীগের মানববন্ধন কর্মসূচি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রলীগ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলুল করিম সেলিম, বিরোধী দলীয় নেত্রীর রাজনৈতিক সচিব সাবের হোসেন চৌধুরী, ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক খলিলুর রহমানসহ সারাদেশে গ্রেফতারকৃত আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ নেতাকর্মীদের মুক্তি দাবিতে এ কর্মসূচি পালিত হয়।

দুপুরে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে কলা ভবনের সামনে বিস্তৃত এ মানববন্ধনে লিয়াকত সিকদার, নজরুল ইসলাম বাবু, বলরাম পোদ্দার, রফিকুল ইসলাম কোতয়াল, সাইফুজ্জামান শিখর, খান মঈনুল মোস্তাক, পনিরুজ্জামান তরুণসহ ২ শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এক বিবৃতিতে সংগঠনের সভাপতি লিয়াকত সিকদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু তালুকদার আবদুল খালেক এমপি, ফরিদপুর পৌর চেয়ারম্যান হাসিবুল হাসান লাভলুর গ্রেফতারে উদ্বেগ, ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করেন। অপর এক বিবৃতিতে তারা ছাত্রলীগ নেতা অনিমের বাসায় তল্লাশি এবং তাকে না পেয়ে তার দুই ভাইকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানান।